অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এশিয়া-২ শাখা

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ৩১ আগস্ট ২০২৫, বাংলাদেশ সরকার এবং দক্ষিণ কোরিয়া সরকারের উন্নয়ন সহযোগী সংস্থা Korea International Cooperation Agency (KOICA)-এর মধ্যে "Education and Research Capacity Building of National Institute of Advanced Nursing Education and Research (NIANER) in Bangladesh" প্রকল্পের Record of Discussion (RoD) এবং Terms of Reference (ToR) স্বাক্ষর হয়। প্রকল্পটি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হবে। প্রকল্পটি বাস্তবায়নের জন্য কোরিয়া সরকারের উন্নয়ন সহযোগী সংস্থা KOICA অনুদান সহায়তা বাবদ ৫.৯ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে।

প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো- ন্যাশনাল ইনস্টিটিউট অফ অ্যাডভান্সড নার্সিং এডুকেশন অ্যান্ড রিসার্চ (NIANER) এ PhD প্রোগ্রাম এবং নার্সিং প্রশিক্ষণের মাধ্যমে উচ্চমানের নার্সিং ফ্যাকাল্টি প্রতিষ্ঠার জন্য একটি ভিত্তি স্থাপন করা। এটি নার্সদের জন্য পিএইচডি প্রোগ্রাম যা বাংলাদেশের ইতিহাসে প্রথম পদক্ষেপ।

বাংলাদেশ সরকারের পক্ষে মিজ মিরানা মাহরুখ, অতিরিক্ত সচিব ও অনুবিভাগ প্রধান (এশিয়া, জেইসি ও এফএন্ডএফ), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং দক্ষিণ কোরিয়া সরকারের পক্ষে Mr. Jihoon Kim, Country Director, KOICA যৌথভাবে প্রকল্পের RoD এবং ToR স্বাক্ষর করেন।

স্বাক্ষরিত
৩১/৮/২০২৫
আফরিন পারভীন
উপসচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার